# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১

ফোন : ০২২২৩৩৮৬৯১১
পিএবিএক্স : ০২২২৩৩৮০০২১-২৫/২২৩৩
ই-মেইল : dgmpd2@krishibank.org.bd;
www.krishibank.org.bd


প্রশাসন পরিপত্র নং- ১১/২০২৩

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ / ০৩ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: সরকারি-বেসরকারি, স্বশাসিত এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ, ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, বর্ডার গার্ড বাংলাদেশ ও পুলিশ বাহিনীতে নিয়োজিত কর্মচারী এবং পেনশনভোগী ব্যক্তিবর্গকে ৫ (পাঁচ) শতাংশ হারে 'বিশেষ সুবিধা' প্রদান প্রসঙ্গে।

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, প্রশাসন ও কল্যাণ শাখা'র স্মারক নম্বর ৫৩.০০.০০০০.২১১.৯৯.০০৫.২১-৮৬৬, তারিখ: ০২ আগস্ট ২০২৩ এর মাধ্যমে প্রেরিত অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন শাখা-১ এর প্রজ্ঞাপন নম্বর: ০৭.০০.০০০০.১৬১.৯৯.০১০.২৩-১৩২, তারিখ: ১৮ জুলাই ২০২৩ মোতাবেক জারিকৃত ৫ (পাঁচ) শতাংশ হারে 'বিশেষ সুবিধা' অত্র ব্যাংকে পরিপালনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট সকলের অবগতি এবং যথাযথ পরিপালনের জন্য এসঙ্গে প্রেরণ করা হল।

অনুমোদনক্রমে-

০৩.০৮.২৩

সংযুক্তি: বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

(মোঃ খোরশেদ আনোয়ার)
উপমহাব্যবস্থাপক

প্রকা/এইচআরএমডি-১/ সেকশন-২/৮৪(৪৯)/২০২৩-২০২৪ /৩২৩(১২৫০)

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ / ০৩ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি/অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (প্রশাসন পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হল)।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বিকেবি (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি।
০৯। নথি/মহানথি।

০৩.০৮.২০২৩
(শিবলী সাদিক)
সহকারী মহাব্যবস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশাসন ও কল্যাণ শাখা
www.fid.gov.bd

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০০৫.২১.৮৬৬

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩০
০২ আগস্ট ২০২৩

বিষয়: **সরকারি-বেসরকারি, স্বশাসিত এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ, ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, বর্ডার গার্ড বাংলাদেশ ও পুলিশ বাহিনীতে নিয়োজিত কর্মচারী এবং পেনশনভোগী ব্যক্তিবর্গকে ৫ (পাঁচ) শতাংশ হারে 'বিশেষ সুবিধা' প্রদান।**

সূত্র: অর্থ বিভাগের স্মারক নম্বর: ০৭.০০.০০০০.১৬১.৯৯.০১০.২৩.১৩২, তারিখ: ১৮ জুলাই ২০২৩।

উপর্যুক্ত বিষয়ে অর্থ বিভাগের সূত্রস্থ পত্রটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পাতা।

২-৮-২০২৩
মীনাক্ষী বর্মন
উপসচিব
ফোন: ৫৫১০০৮৫৮
ফ্যাক্স: 9513500
ইমেইল: ds.admin@fid.gov.bd

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
২) চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ই-৬/সি, আগারগাঁও, ঢাকা।
৩) চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭, দিলকুশা, বা/এ, ঢাকা।
৪) ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৫) এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, বড় মগবাজার, রমনা, ঢাকা।
৬) ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন/সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৭) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক/বিডিবিএল/বেসিক ব্যাংক লিমিটেড/কর্মসংস্থান ব্যাংক/প্রবাসী কল্যাণ ব্যাংক/আইসিবি/বিএইচবিএফসি/আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক/পল্লী সঞ্চয় ব্যাংক/গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা/ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধা
৮) ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ/বিএমডিএফ/এসডিএফ/দি সিকিউরিটি প্রিন্টিং কর্পো.(বাংলাদেশ)/বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন/ইউবিকো/সাবিনকো, প্রধান কার্যালয়, ঢাকা।
৯) পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমী/নির্বাহী প্রেসিডেন্ট, বিআইসিএম, প্রধান কার্যালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০০৫.২১.৮৬৬/১(২)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩০
০২ আগস্ট ২০২৩

অনুলিপি- সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন)-এঁর দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২-৮-২০২৩
মীনাক্ষী বর্মন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১
www.mof.gov.bd

নম্বর: ০৭.০০.০০০০.১৬১.৯৯.০১০.২৩-১৩২

তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩০ / ১৮ জুলাই ২০২৩

## প্রজ্ঞাপন

সরকারি চাকরি আইন, ২০১৮ এর ১৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় বেতনস্কেলসমূহের আওতাভুক্ত সরকারি-বেসামরিক, স্ব-শাসিত এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ, ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, বর্ডার গার্ড বাংলাদেশ ও পুলিশ বাহিনীতে নিয়োজিত কর্মচারী এবং পেনশনভোগী ব্যক্তিবর্গকে ০১ জুলাই ২০২৩ তারিখ হতে ৫ (পাঁচ) শতাংশ হারে 'বিশেষ সুবিধা' প্রদান করা হলো। এ 'বিশেষ সুবিধা' চাকরিরতদের ক্ষেত্রে ন্যূনতম ১,০০০ (এক হাজার) টাকা এবং পেনশনভোগীদের ক্ষেত্রে ন্যূনতম ৫০০ (পাঁচশত) টাকা হারে প্রদেয় হবে।

২। এ 'বিশেষ সুবিধা' নিম্নরূপভাবে কার্যকর হবে:

(ক) চাকুরিরত কর্মচারীগণ ০১ জুলাই ২০২৩ তারিখ হতে প্রতিবছর ০১ জুলাই তারিখে প্রাপ্য মূল বেতনের ওপর ৫% হারে, তবে ১,০০০ (এক হাজার) টাকার কম নয়, 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন;

(খ) অবসর-উত্তর ছুটিতে (PRL) থাকা কর্মচারীগণ PRL গমনের পূর্বকালীন সর্বশেষ প্রাপ্ত মূল বেতনের ভিত্তিতে উপরিউক্ত হারে 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন;

(গ) পুনঃস্থাপনকৃত পেনশনারগণসহ সরকার হতে পেনশন গ্রহণকারীগণ প্রতিবছর ০১ জুলাই তারিখে প্রাপ্য নীট পেনশনের ওপর ৫% হারে, তবে ৫০০ (পাঁচশত) টাকার কম নয়, 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন;

(ঘ) যে সকল অবসর গ্রহণকারী কর্মচারী তাদের গ্রস পেনশনের ১০০% অর্থাৎ সম্পূর্ণ অংশ সমর্পণ করে এককালীন আনুতোষিক উত্তোলন করেছেন তাদের ক্ষেত্রে এ 'বিশেষ সুবিধা' প্রযোজ্য হবে না;

(ঙ) জাতীয় বেতনস্কেলে নির্ধারিত কোনো গ্রেডে চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে নির্ধারিত মূল বেতনের ভিত্তিতে এ সুবিধা প্রযোজ্য হবে। তবে শর্ত থাকে যে, এরূপ চুক্তিভিত্তিক নিয়োজিত ব্যক্তি পেনশনভোগী হলে নীট পেনশন অথবা চুক্তিভিত্তিক নিয়োজিত পদের মূল বেতনের ভিত্তিতে যে কোনো এক ক্ষেত্রে এ সুবিধা প্রাপ্য হবেন;

(চ) সাময়িক বরখাস্তকৃত কর্মচারীগণ সাময়িক বরখাস্ত হওয়ার তারিখের অব্যবহিত পূর্বের মূল বেতনের ৫০% (অর্ধেক) এর উপর ৫% হারে এ 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন; এবং

(ছ) বিনা বেতনে ছুটিতে (Leave without pay) থাকাকালীন কর্মচারীগণ এ 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন না।

৩। সরকারের রাজস্ব বাজেট হতে প্রদত্ত অনুদানে পরিচালিত প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য স্ব-শাসিত সংস্থা ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান এবং ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মচারীদেরকে এ 'বিশেষ সুবিধা' প্রদান বাবদ প্রয়োজনীয় ব্যয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের নিজস্ব বাজেট হতে মেটাতে হবে।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো; এটি ০১ জুলাই ২০২৩ তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৮/০৭/২০২৩

(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ)
অতিরিক্ত সচিব

চলমান পাতা/০২

নম্বর-০৭.০০.০০০০.১৬১.৯৯.০১০.২৩-১৩২

তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩০ / ১৮ জুলাই ২০২৩

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল সড়ক, ঢাকা/ গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩। সিনিয়র সচিব/ সচিব, ............................................................মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
০৪। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৫। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুন বাগিচা, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব, ..................................................(সকল), অর্থ বিভাগ।
০৭। অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ।
০৮। মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ।
০৯। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা।
১০। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ বিভাগ।
১১। মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। প্রধান হিসাব ও অর্থ কর্মকর্তা, ......................................................(সকল) মন্ত্রণালয়/ বিভাগ।
১৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ। প্রজ্ঞাপনটি অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৮/০৭/২৩

(মোহাম্মদ গোলাম কবির)
উপসচিব
ফোন: ২২৩৩৮০৭৮১